গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
(রাজস্ব শাখা)
www.natore.gov.bd

নং: ৩৯৮ তারিখ : ২৯ ফাল্গুন, ১৪৩০
১৩ মার্চ, ২০২৪

বালুমহাল ইজারা দরপত্র বিজ্ঞপ্তি
(দরপত্র নং-০২/২০২৩-২৪)

বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন,২০১০(সংশোধিত ২০২৩) ও বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ এর নির্দেশনার আলোকে এতদ্বারা তালিকাভুক্ত প্রকৃত ব্যবসায়ী ব্যক্তি/প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নাটোর জেলার লালপুর উপজেলাধীন দিয়ার বাহাদুরপুর বালুমহাল ১৪৩১ সনের (৩০ শে চৈত্র পর্যন্ত) জন্য শিডিউলে বর্ণিত শর্তাধীনে ইজারা বন্দোবস্তের নিমিত্ত সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নবর্ণিত তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী, নিম্নস্বাক্ষরকারীর অফিস এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালপুর, নাটোর হতে নগদ ১,০০০/-(এক হাজার) টাকা মূল্যে (অফেরতযোগ্য) দরপত্র ফরম সংগ্রহ করা যাবে এবং দরপত্রসমূহ নিম্নোক্ত তারিখ দুপুর ০১.০০ টা পর্যন্ত বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী, নিম্নস্বাক্ষরকারীর অফিস এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালপুর, নাটোরে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করতে হবে। ঐ দিন দুপুর ০১.৩০ টা সময় উপস্থিত দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র বাক্স খোলা হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করা যেতে পারে।

দরপত্র গ্রহণের পর্যায়	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাক্স খোলার তারিখ ও সময়	দরপত্র প্রাপ্তি ও দাখিলের স্থান
১ম পর্যায়	১৪/০৩/২০২৪ খ্রি. তারিখ হতে ২৮/০৩/২০২৪ খ্রি. তারিখ দুপুর ১: ০০ টা পর্যন্ত	২৮/০৩/২০২৪খ্রি. দুপুর ১.০০ টা পর্যন্ত	২৮/০৩/২০২৪ খ্রি. দুপুর ১:৩০ টা	বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী; জেলা প্রশাসকের কার্যালয়, রাজস্ব শাখা, নাটোর; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালপুর, নাটোর।
২য় পর্যায় (১ম পর্যায়ে ইজারা না হওয়া সাপেক্ষে)	৩১/০৩/২০২৪ খ্রি. তারিখ হতে ০২/০৪/২০২৪ খ্রি. দুপুর ১:০০ টা পর্যন্ত	০২/০৪/২০২৪ খ্রি. দুপুর ১.০০ টা পর্যন্ত	০২/০৪/২০২৪ খ্রি. দুপুর ১:৩০ টা	বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী; জেলা প্রশাসকের কার্যালয়, রাজস্ব শাখা, নাটোর; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালপুর, নাটোর ।
৩য় পর্যায় (২য় পর্যায়ে ইজারা না হওয়া সাপেক্ষে)	০৩/০৪/২০২৪ খ্রি. তারিখ হতে ০৮/০৪/২০২৪ খ্রি. দুপুর ১:০০ টা পর্যন্ত	০৮/০৪/২০২৪ খ্রি. দুপুর ১.০০ টা পর্যন্ত	০৮/০৪/২০২৪ খ্রি. দুপুর ১:৩০ টা	বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী; জেলা প্রশাসকের কার্যালয়, রাজস্ব শাখা, নাটোর; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালপুর, নাটোর ।
৪র্থ পর্যায় (৩য় পর্যায়ে ইজারা না হওয়া সাপেক্ষে)	০৯/০৪/২০২৪ খ্রি. তারিখ হতে ১৬/০৪/২০২৪ খ্রি. দুপুর ১:০০ টা পর্যন্ত	১৬/০৪/২০২৪ খ্রি. দুপুর ১.০০ টা পর্যন্ত	১৬/০৪/২০২৪ খ্রি. দুপুর ১:৩০ টা	বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী; জেলা প্রশাসকের কার্যালয়, রাজস্ব শাখা, নাটোর; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালপুর, নাটোর ।

৫ম পর্যায় (৪র্থ পর্যায়ে ইজারা না হওয়া সাপেক্ষে)	১৭/০৪/২০২৪ খ্রি. তারিখ হতে ২১/০৪/২০২৪ খ্রি. দুপুর ১:০০ টা পর্যন্ত	২১/০৪/২০২৪ খ্রি. দুপুর ১.০০ টা পর্যন্ত	২১/০৪/২০২৪ খ্রি. দুপুর ১:৩০ টা	বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী; জেলা প্রশাসকের কার্যালয়, রাজস্ব শাখা, নাটোর; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালপুর, নাটোর ।
৬ষ্ঠ পর্যায় (৫ম পর্যায়ে ইজারা না হওয়া সাপেক্ষে)	২২/০৪/২০২৪ খ্রি. তারিখ হতে ২৪/০৪/২০২৪ খ্রি. দুপুর ১:০০ টা পর্যন্ত	২৪/০৪/২০২৪ খ্রি. দুপুর ১.০০ টা পর্যন্ত	২৪/০৪/২০২৪ খ্রি. দুপুর ১:৩০ টা	বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী; জেলা প্রশাসকের কার্যালয়, রাজস্ব শাখা, নাটোর; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালপুর, নাটোর ।

বালুমহাল ইজারা দরপত্র দাখিলের শর্তাবলীঃ

০১। খামের উপর বালুমহালের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে।

০২। আবেদন ফর্মের নির্দিষ্ট স্থানে আবেদনকারীকে স্বাক্ষর করতে হবে। উদ্ধৃত দর অংকে এবং কথায় লিখতে হবে। আবেদন ফরমে কোন কাটাকাটি বা ঘষামাজা করা যাবে না।

০৩। আবেদন পত্রের সাথে উদ্ধৃত মূল্যের ২৫% অর্থ জামানত হিসেবে জেলা প্রশাসক, নাটোর বরাবর যে কোন সিডিউল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট বা পে- অর্ডার আকারে দাখিল করতে হবে।

০৪। ট্রেড লাইসেন্স, (হালনাগাদ) টিআইএন নম্বরসহ হালসন পর্যন্ত আয়কর প্রদানের সনদপত্র এবং সিডিউল ব্যাংক কর্তৃক প্রদত্ত হাল আর্থিক স্বচ্ছলতার সনদপত্র আবেদন পত্রের সহিত দাখিল করতে হবে।

০৫। ব্যক্তি/প্রতিষ্ঠান প্রধানের ০৩(তিন) কপি সত্যায়িত ছবি এবং সংশ্লিষ্ট পৌরসভা/ইউনিয়ন পরিষদ মেয়র/চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদপত্র এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।

০৬। গৃহীত দরপত্রের ইজারামূল্যের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট এবং ১০% আয়কর প্রদান করতে হবে। সরকার কর্তৃক সময় সময় জারীকৃত কর/পাওনাদী পরিশোধ করতে হবে। সর্বোচ্চ দর দাতার দর গৃহীত হওয়ার পর নীতিমালা মোতাবেক ইজারা অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক ইজারা অনুমোদনের পর বালুমহালের সম্পূর্ণ ইজারামূল্য, ভ্যাট এবং আয়কর এ কার্যালয়ে পরিশোধ করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের ৭ (সাত) দিনের মধ্যে নিজ দায়িত্বে ৩০০/- (তিনশত) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে এবং সংশ্লিষ্ট উপজেলা/ ইউনিয়ন ভূমি অফিস হতে বিধি মতে দখল গ্রহণ করতে হবে। অন্যথায় পরবর্তী দখল বিহীন বিষয়ে কোন প্রকার ওজর/আপত্তি গ্রহণযোগ্য হবে না। বালু মহালের দখল গ্রহণ না করা পর্যন্ত বালু উত্তোলন করা যাবে না।

০৭। উল্লিখিত বালুমহালে সরেজমিন যাচাই অন্তে দরপত্র দাখিল করতে হবে। পরবর্তীতে কোন আপত্তি গ্রহণ করা হবে না।

০৮। বালুমহালের আয়তন কম/বেশী হতে পারে। সরেজমিন আয়তনের তারতম্য নিয়ে কোন ওজর/আপত্তি গ্রহণ করা হবে না।

০৯। অনুমোদিত দর অবহিত হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে সাকুল্য অর্থ (ইজারা মূল্য, ভ্যাট এবং আয়করসহ) এ কার্যালয়ে পরিশোধ করতে হবে। ইজারা গ্রহীতা ইজারার মূল্য যথাসময়ে সরকারের নির্দিষ্ট খাতে জমা প্রদান না করলে অথবা ইজারার চুক্তিপত্রের কোন শর্ত ভঙ্গ করলে জেলা প্রশাসক বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সংশ্লিষ্ট ইজারা চুক্তি বাতিল করতে পারবেন।

১০। কোন ইজারা চুক্তি বাতিল হলে সংশ্লিষ্ট ইজারা গ্রহীতার জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

১১। এমনভাবে বালু উত্তোলন করা যাবে না যাতে নদীর গতিপথের পরিবর্তন হয়, নদীর ভূপ্রাকৃতিক পরিবেশ, মৎস্য, জলজপ্রাণী এবং উদ্ভিদ বিনষ্ট হয় অথবা গুরুত্বপূর্ণ স্থাপনা হুমকির সম্মুখীন হয়।

১২। ইজারা অনুমোদনকারী কর্তৃপক্ষ কোন কারণে সর্বোচ্চ দর অনুমোদন না করলে অনুমোদকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী ব্যবস্থা নেয়া হবে। এ ব্যাপারে কোন ওজর/আপত্তি গ্রহণ করা হবে না।

১৩। কোন অবস্থাতেই লীজকৃত বালুমহাল সাবলীজ দেয়া যাবে না।

১৪। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় যে কোন পর্যায়ে দরখাস্ত আহবানকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি পরিবর্তন/পরির্বধন/স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫। বালুমহাল ইজারার মেয়াদ চলাকালীন আদালতে স্থগিত আদেশ/স্থিতিবস্থা/নিষেধাজ্ঞা বলবতের কারণে ইজারা গ্রহীতা ক্ষতিগ্রস্থ হলে তার জন্য কোন প্রকার ক্ষতিপূরণ দাবি করা যাবে না।

১৬। বছরের যে সময়ই ইজারা প্রদান করা/দখল প্রদান করা হোক না কেন তা ইজারা অনুমোদনের তারিখ হতে ৩০ শে চৈত্র ১৪৩১ বাংলা সন পর্যন্ত বলবৎ থাকবে।

১৭। ভুল/মিথ্যা তথ্য সম্বলিত এবং অসম্পূর্ন দরখাস্ত বিবেচনাযোগ্য নয়।

১৮। কালো তালিকাভূক্ত কোন ব্যক্তি/প্রতিষ্ঠান ইজারায় অংশগ্রহণ করতে পারবেনা।

১৯। বালুমহাল ইজারা/বন্দোবস্তের আবেদন মঞ্জুর/নামঞ্জুর/বাতিলের সুপারিশ প্রদানের ক্ষেত্রে কোন কারণ দর্শানো ছাড়াই কমিটি সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।

২০। অকৃতকার্য দরপত্র দাতার দাখিলকৃত জামানত জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের পর এবং কৃতকার্য দরপত্র দাতার দাখিলকৃত জামানত সম্পূর্ণ ইজারা মূল্য, ভ্যাট, আয়কর ইত্যাদি পরিশোধের পর নির্দিষ্ট সময়ান্তে ফেরত দেয়া হবে।

২১। সরকার কর্তৃক প্রণীত আইন ও সময়ে সময়ে জরীকৃত বিধিবিধান এবং ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ কোন সময়ে ইজারা বিষয়ে কোন নতুন শর্ত আরোপ, সংযোজন এবং সংশোধন করলে তা কার্যকর হবে।

২২। উপরিউক্ত শর্তাবলীর যে কোন এক বা একাধিক শর্তের ব্যত্যয় ঘটলে ইজারা বাতিল বলে গণ্য হবে। তাছাড়া সরকারি সম্পত্তি ক্ষতিসাধন করলে ক্ষতিপূরণসহ আইনানুগ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হবে।

বালুমহালের নাম, মৌজার নাম ও জমির পরিমাণঃ

ক্র. নং	উপজেলার নাম	বালুমহালের নাম	মৌজার নাম	দাগ নং	আয়তন (একরে)	১৪৩১ সনের বালুমহাল ইজারার সরকারি মূল্য
০১	লালপুর	দিয়ার বাহাদুরপুর	দিয়ার বাহাদুরপুর	৩, ৪, ৫	২২০.৫০+১২.২৫ +২২৬.৫০= ৪৫৯.২৫ একর	৪,৫৮,৫৬,৩১২.৫০ (চার কোটি আটান্ন লক্ষ ছাপ্পান্ন হাজার তিনশত বার দশমিক পঞ্চাশ) টাকা

স্বাক্ষরিত
(আবু নাছের ভূঁঞা)
জেলা প্রশাসক
নাটোর
ও
সভাপতি
জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি, নাটোর
ফোন-০২৫৮৮৮-৭৩৭৪১
ই-মেইল-dcnatore@mopa.gov.bd